তিরুবনন্তপুরমে ভারতীয় ইতিহাস কংগ্রেসের অধিবেশন শুরু

তিরুবনন্তপুরম, ৩০ ডিসেম্বর: রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় ৭৭ তম ভারতীয় ইতিহাস কংগ্রেসের উদ্বোধন করেছেন। উদ্বোধনী ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেছেন, সংশয়, পাল্টা মত প্রকাশ, যুক্তি-মোধার সাহায্যে তর্ক-বিতর্ক করার স্বাধীনতাকে গণতন্ত্রের আবশ্যিক শর্ত হিসাবে দেখতে হবে। কোনও কিছুই যেন আলোচনা, তর্ক বিতর্ক বা যুক্তি পরিসরের বাইরে পরে না থাকে। বিশেষ করে ইতিহাসের মতো বিষয়ের ক্ষেত্রে এ ধরনের স্বাধীনতা খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া ইতিহাসের প্রতি যতদূর সম্ভব বস্তুনিষ্ঠ দৃষ্টিভঙ্গি নিয়ে চলতেও ইতিহাসবিদদের আহ্বান জানিয়েছেন তিনি। রাষ্ট্রপতির মতে, বহুত্ববাদ সামাজিক ও সাংস্কৃতিক এবং ভাষাগত বৈচিত্র্যই ভারতের সবচেয়ে বড় সম্পদ। অসহনশীল ভারতীয় নয়, তর্কবাগীশ ভারতীয়কে স্বীকৃতি দেওয়াই ভারতের বরাবরের ঐতিহ্য। রাষ্ট্রপতি আরও বলেছেন, দেশকে কেউ ভালোবাসবেন, দেশের অতীত ইতিহাসের মধ্যে গৌরবের উপাদান খুঁজে পাবেন, এটাই স্বাভাবিক। কিন্তু দেশপ্রেম যেন ইতিহাসের ব্যাখ্যার ক্ষেত্রে একদেশদর্শী মানসিকতার জন্ম না দেয়। নিজের পছন্দের মতকে যুক্তি সিদ্ধ বলে দেখাকে সত্যের সঙ্গে যেন আপস না করা হয়। রাষ্ট্রপতি মনে করেন, কোনও সমাজই পুরোপুরিভাবে নির্ভুল নয়। সমাজকে বুঝতে তাই ইতিহাসকে গাইড হিসাবে দেখতে হবে।

দেশের দু'প্রান্তে অগ্নিকাণ্ড ও খনি ভেঙে পড়ার জেরে মৃত ৬,আটক ৫০ কর্মী

ঝাড়খণ্ডে ইসিএলের কয়লা খনিতে ধস, আটক ৫০ কর্মী



গোড্ডা (ঝাড়খণ্ড), ৩০ ডিসেম্বর: ২০১৬ সাল শেষ হওয়ার মুহূর্তে ঝাড়খণ্ডের রাজমহলে ইসিএলের কয়লা খনিতে নেমে এল অন্ধকার। আটকে পড়লেন ৫০ জন খনি কর্মী। সরকারিভাবে দাবি করা হয়েছে, আটকে পড়া খনি শ্রমিকের সংখ্যা ২০। জানা গেছে, প্রায় ২০০ ফুট নিচে কয়লা তোলার কাজ চলছিল।

তবে কয়লা খনিটির একটি খাদ থেকে ৯ জন খনি শ্রমিকের দেহ উদ্ধার করা হয়েছে। তাদের মধ্যে দু'জনকে গুরুতর জখম অবস্থায় ভর্তি করা হয়েছে হাসপাতালে। ইসিএলের জেনারেল ম্যানেজার (খনি) আরআর অমিতাভ জানিয়েছেন, তল্লাশি ও উদ্ধার অভিযান শুরু হয়েছে। ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী রঘুবর দাস ঘটনাস্থলে রয়েছেন। তিনি নিজে দাঁড়িয়ে থেকে উদ্ধার কাজ তদারকি করছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই এই দুর্ঘটনা নিয়ে ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। টুইটারে প্রধানমন্ত্রী বলেছেন, তিনি খনির মধ্যে আটকে পড়া মানুষগুলি যাতে দ্রুত মুক্তি পান, সেজন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করছেন। কেন্দ্রের খনি, কয়লা ও অপ্রচলিত শক্তি দফতরের প্রতিমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, উদ্ধার অভিযান চলছে। তদন্তের কাজও পাশাপাশি শুরু হয়েছে।

এদিকে ইসিএলের তরফে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করে বলা হয়েছে তারা যত তাড়াতাড়ি সম্ভব আহত মানুষগুলিকে সুস্থ করে তুলতে চান। খোলা হয়েছে ইসিএলের প্রজেক্ট অফিসের একটি কন্ট্রোল রুম। জেনারেল ম্যানেজার আর আর অমিতাভ'র ফোন নম্বর ট্যুইট করে গোয়েল তার সঙ্গে সবরকম যোগাযোগ করতে বলা হয়েছে শ্রমিকদের পরিবারকে।

কী করে দুর্ঘটনা ঘটল তার ব্যাখ্যা দিতে গিয়ে ওয়েস্টার্ন কোল ফিল্ডস লিমিটেড এবং ইস্টার্ন কোল ফিল্ড লিমিটেডের চেয়ারম্যান রাজীব রঞ্জন মিশ্র জানিয়েছেন, বৃহস্পতিবার রাত ৭.৩০ মিনিট নাগাদ ঝাড়খণ্ডে গোড্ডা জেলায় ইসিএলের এই খনিটির দেওয়াল ভেঙে পড়ে। তখন খনির মধ্যে শ্রমিকরা কাজ করছিলেন। মিশ্রর দাবি দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই উদ্ধারকারীদের সেখানে পাঠানো হয়। মিশ্র জানিয়েছেন, কমপক্ষে ৩ জন খননকারী এবং ৭ জন কিপার আটকে পড়েছেন ভিতরে। তিনি আরও দাবি করেছেন, খনির জঞ্জাল না সরানো পর্যন্ত আটক খনি শ্রমিকদের ভাগ্যে কী ঘটেছে তা বলা সম্ভব নয়।

খনির নিরাপত্তা সংক্রান্ত ডিরেকটর জেনারেল ও একাধিক সিনিয়র অফিসার উদ্ধার কাজ তদারকি করছেন বলে জানিয়েছেন তিনি। এদিকে পুরো জায়গাটি ঘিরে রেখেছে পুলিশ। হতভাগ্য শ্রমিকদের পরিবারের মানুষরা খবর পাওয়া মাত্রই সেখানে চলে আসেন। ভিড় করেন গ্রামবাসীরাও।

খনির পাশে যে কান্দার দেওয়াল তাতে ফাটল ধরাতেই ভেঙে পড়ে সেটি। বন্ধ হয়ে যায় খনি গর্ভের মুখ। এর ফলে আটকে পড়েন খনি শ্রমিকরা। পুলিশও স্বীকার করেছে,গোড্ডা জেলার পাহাড়িয়া ভোড়া সাইটে রাজমহলের লাভমাটিয়া খনিটিতে বেশ কিছুদিন ধরেই কান্দার দেওয়ালগুলিতে ফাটল ধরেছিল। সেখান থেকেই সম্ভবত দুর্ঘটনা ঘটে।

পুনের বেকারিতে আগুন, মৃত কমপক্ষে ৬ শ্রমিক

পুণে, ৩০ ডিসেম্বর: পুণের বেকারিতে আগুন লেগে কমপক্ষে ৬ কর্মীর মৃত্যু হয়েছে। তারা সবাই ভিন রাজ্য থেকে কাজের সন্ধানে এসে এই বেকারিতে কাজ করছিলেন। পুলিশ সূত্রে জানা গেছে, পুণের খাড়োয়ায় এই বেকারিতে আগুন লাগার পর ৬ ভিন রাজ্যের শ্রমিকের নিঃশ্বাস বন্ধ হয়ে মৃত্যু হয়। বেকারিটি একটি ৯ তলা বাড়ির নিচের তলায় রয়েছে। আশঙ্কা করা হচ্ছে, 'বেকস অ্যান্ড কেকস' নামে এই বেকারিতে শর্ট সার্কিট থেকে আগুন লাগে।

উত্তরপ্রদেশ থেকে আসা ৬ বেকারি শ্রমিকের আগুনে পুড়ে মৃত্যু হয়েছে। আচমকাই দাউ দাউ করে জ্বলে ওঠা আগুনে তারা অগ্নিদগ্ধ হন। পুলিশ সূত্রে জানা গেছে, ৯ তলা বাড়িটির মেজেনাইন ফ্লোরে দরজা বন্ধ করে ঘুমাচ্ছিলেন তারা। এই ফ্লোরটি বেকারির মধ্যে। বেকারিটি বাইরে থেকে তালা বন্ধ ছিল। ফলে ঘরে আগুন লাগার পর আটকে পড়া কর্মীরা পালানোর চেষ্টা করেও পারেনি।

এই ঘটনা মনে পরিয়ে দিচ্ছে কয়েকবছর আগে স্টিফেন কোর্টের একটি ঘটনাকে। সেদিন স্টিফেন কোর্টে আগুন লাগার পর সেখানে অবস্থিত বেশ কিছু অফিসের কর্মীরা সিড়ি দিয়ে উঠে ছাদে পালাতে চেয়েছিলেন। কিন্তু তালা বন্ধ ছাদের চাবি খুঁজে পাওয়া যায়নি। এদিকে ততক্ষণে আগুন গ্রাস করে নিয়েছে তাদের।

পুণের বেকারিটিতেও তড়িঘড়ি পুলিশ ও দমকল কর্মীরা এসে গেলেও তারা খুলতে পারেননি সাটার। বেকারির মালিক ঘটনাস্থলে ছুটে এসে সেটি খুলে দেন। পুলিশের এক মুখপাত্র জানিয়েছেন, সাটারটি খোলা মাত্র ভিতর থেকে ধোঁয়া বেরতে থাকে। তখনই তারা জানতে পারেন বেকারির মধ্যে ৬ জন কর্মী রয়েছেন। দমকল কর্মীরা তড়িঘড়ি 'ব্রিদিং অ্যাপারেটাস' পোশাক পরে ও যন্ত্রপাতি নিয়ে সিড়িতে লাফ দিতে দিতে অগ্নিদগ্ধ দেহগুলির কাছে পৌঁছে যান। প্রবল ধোঁয়ায় তারা ততক্ষণে অচৈতন্য হয়ে পড়েছে। একে একে তাদের উদ্ধার করে সাসুন জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতাল কর্তৃপক্ষ তাদের মৃত বলে ঘোষণা করে।

কোনধাওয়া পুলিশ বেকারি মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। শুরু হয়েছে তদন্ত। পুণের এক প্রশাসনিক অফিসারের দাবি, তারা তদন্ত করে দেখতে চান যে শহরের সব বেকারি মালিকরা আগুন নেভানোর উপযুক্ত ব্যবস্থা রেখেছেন কিনা। যেসব বেকারি মালিক সরকারের এই নিয়মবিধি অগ্রাহ্য করবে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবে সরকার।

দাউ দাউ করে আগুন জ্বলছে বেকারিতে। (ইনসেটে) পুড়ে যাওয়া বেকারির দোকানটি।

মোদীর বিরুদ্ধে মন্তব্য কেজরিওয়ালকে তলব অসমের আদালতে

দিফু (অসম), ৩০ ডিসেম্বর: দিল্লির মুখ্যমন্ত্রী ও আম-আদমি পার্টি সভাপতি অরবিন্দ কেজরিওয়ালকে তলব করল দিল্লির একটি আদালত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্পর্কে মানহানিকর মন্তব্য করার অভিযোগে দিল্লির মুখ্যমন্ত্রীকে তলব করা হয়েছে বলে জানা গেছে।

মঙ্গলবার এ নিয়ে নির্দেশ জারি করেছে আদালত। আম-আদমি পার্টির প্রধান ও দিল্লি সরকারের মুখ্যমন্ত্রীকে আগামী ৩০ জানুয়ারি হাজিরা দিতে বলেছেন দিফুর সাব ডিভিশনাল অফিসার ডেকা বরুয়া।

কার্বি আংলং অটোনমাস কাউন্সিলের এক্সিকিউটিভ সদস্য সূর্য রংফার দিফুর আদালতে নালিশ করেছেন কেজরিওয়ালের বিরুদ্ধে।

তার অভিযোগ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শিক্ষাগত যোগ্যতা নিয়ে যে অবমাননাকর মন্তব্য করেছেন কেজরিওয়াল তা কোনও মতে মেনে নেওয়া যায় না। এদিকে কেজরিওয়াল বলেছেন, তার বিরুদ্ধে তদন্ত নিয়ে দিল্লি যা খুশি করতে পারে। তিনি তা নিয়ে মোটেই উদ্বিগ্ন নন। কিন্তু একই সঙ্গে আপ প্রধান বিস্ময় প্রকাশ করেছেন, সাহারা-বিড়লার ডায়েরি নিয়ে দিল্লি সরকারের গঠিত তদন্ত কমিটিকে কেন্দ্র মেনে নেওয়ায়।

NO. 1-1/EE/PRI/MB/2016-17/1225
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
PANCHAYATI RAJ INSTITUTION
GRAM PANCHAYAT & PANCHAYAT SAMITI
NORTH & MIDDLE ANDAMAN
MAYABUNDER
Mayabunder, dated: 16.12.2016

CORRIGENDUM

The tender notice issued vide NIT no. 55/EE/PRI/TENDER/MB/2016-17 & 56/EE/PRI/TENDER/MB/2016-17 against below mentioned name of works are hereby cancelled due to administrative reasons

Name of Work : 1. Metalling of Rural Road with 01 No. Culvert from Kailu house to Sagar house ward no. 06 Bakultala under GP, Bakultala.
2. Metalling of Rural Road from Sursen house to Lurka Ram house ward no. 06 Bakultala under GP, Bakultala.

Executive Engineer
Panchayati Raj Institution
Gram Panchayat & Panchayat Samiti
N&M Andaman,
Mayabunder

R. No. IP/1925/16

কাশ্মীরে নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষ, আহত ৩

শ্রীনগর, ৩০ ডিসেম্বর: ফের অশান্ত কাশ্মীর। আবারও নিরাপত্তারক্ষীদের উদ্দেশ্যে করে পাথর ছুঁড়ল বিক্ষোভকারীরা। এই ঘটনায় আহত হয়েছে ৩ জন। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামা জেলার পাম্পোরে এদিন বিক্ষোভকারীরা নিরাপত্তা বাহিনীকে লক্ষ্য করে পাথর ছুঁড়তে থাকে। শেষ পর্যন্ত বিক্ষোভকারীদের হঠাতে গুলি চালাতে বাধ্য হয় সেনারা। তাদের গুলিতে ৩ বিক্ষোভকারী আহত হয়।

পুলিশ দাবি করেছে, গত কয়েকদিন ধরে এলাকায় কয়েকজন সন্দেহভাজনের গতিবিধির খবর পাওয়া যাচ্ছিল। তাদের ধরতেই সেনাবাহিনী শুক্রবার সকালে নাবিরস্তান ও সাম্বুর এলাকায় তল্লাশি শুরু করে।

তল্লাশি শেষ করে সেনারা যখন ফিরছিল তখনই কয়েকজন যুবক তাদের লক্ষ্য করে পাথর ছুঁড়তে থাকে। তাদের কোনওভাবেই নিয়ন্ত্রণে আনতে না পেরে ছত্রভঙ্গ করতে গুলি চালাতে বাধ্য হয় সেনারা। এই ঘটনায় আহত হয় ৩ জন।

NO. 15-22(2)/DB/MID/2016-17/ 2177
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
MINOR IRRIGATION DIVISION
A.P.W.D., HUT BAY
Hut Bay, dated 27th December, 2016

PRESS NOTICE

The Executive Engineer, Minor Irrigation Division,, A.P.W.D,Hut Bay on behalf of the President of India, invites separate sealed item rate tender (in form CPWD-8) from approved and eligible experienced contractors of appropriate class of APWD up to 3.00 PM on **25/01/2017** for under mentioned work.

Sl. No.	NIT No.	Name of Work	Estimated Cost put to Tender	Earnest money deposited	Time of Completion
1.	35/MID/DB/ 2016-17	Re-roofing of PHC, R.K. Pur under SD-III, MID, Hut Bay	₹ 15,06,500/-	₹ 30,130/-	02 (Two) Months
2.	36/MID/DB/ 2016-17	Replacment Of G.I. pipeline from Jungle Pump House source to filter unit at 19km under SD-III, APWD, MID, Hut Bay.	₹ 32,03,101/-	₹ 64,062/-	03 (Three) Months
3.	37/MID/DB/ 2016-17	Renovation of 01 No. Type-III Qtr. at (VH) Animal Husbandry at R.K.Pur, Little Andaman	₹ 8,03,176/-	₹ 16,064/-	03 (Three) Months

The tender forms and other details can be obtained from the Office of the Executive Engineer on payment of ₹ **500/-**. The last date of receipt of application to purchase tender form will be **18/01/2017** up to 4.00 PM. **Other details/information can be seen on website www.and.nic.in**

Executive Engineer,
MID, APWD,
Hut Bay

R. No. IP/2022/16

নোট বাতিল ইস্যু, শল্য অভিযান, জিএসটি বিলের মতো ঘটনা ২০১৬ কে স্মরণে রাখবে

বিশেষ প্রতিবেদন

নোট বাতিল ইস্যু, পাঠানকোটে ভারতীয় বায়ুসেনার ঘাঁটিতে পাক জঙ্গি হানা, বিহারে মদ নিষিদ্ধ হওয়া, কেরলে পুত্তিঙ্গল মন্দিরে আগুন, উরিতে জঙ্গি হানায় ১৭ ভারতীয় সেনার মৃত্যু, পাকিস্তানে ভারতীয় কম্যান্ডোদের শল্য অভিযান, মণিপুরে ইরম শর্মিলা চানুর অনশনের অবসান এবং জয়ললিতার মৃত্যু অবশ্যই ২০১৬ সালে সংবাদপত্রের শিরোনাম হয়েছে। এই বছরে ঘটেছে আরও অনেক ঘটনা। বছরটির শালতামামি করতে বসলে অবশ্যই বলতে হবে ফেলে আসা বছরটিতে কী কী ঘটনা আমাদের মনকে নাড়া দিয়েছে বা সংবাদ হিসাবে শিরোনামে উঠে এসেছে।

এই বছরই তামিলানাড়ু, অসম, পশ্চিমবঙ্গ ও পুদুচেরিতে রাজ্য বিধানসভার নির্বাচনে বস নামিয়ে জয় পেয়েছে এআইএডিএমকে, বিজেপি, টিএমসি এবং কংগ্রেস। এই বছরই প্রয়াত হয়েছেন তামিলনাড়ুর জনপ্রিয় মুখ্যমন্ত্রী



জয়া জয়ললিতা। আম্মা'র বিরহে অসংখ্য মানুষ শোকাদগ্ধ হয়েছেন। তাদের শোকের প্রলেপ দিতেই হয়ত আম্মা'র প্রিয় বান্ধবী চিন্নাম্মা'কে এআইএডিএমকে দলের প্রধান করা হয়েছে।

২০১৬ সালে কাশ্মীরে দীর্ঘ সময় ধরে চলেছে অচলাবস্থা। স্কুলগুলি বন্ধ রাখা হয়েছিল, আগুন ধরিয়ে দেওয়া হয়েছিল স্কুলে। এই বছরটিতে উপত্যকা বারবার অশান্ত হয়ে উঠেছে।

বিদায়ী বছরটিকে আমরা মনে রাখব সিনেমা হলগুলিতে ফের জাতীয় সঙ্গীত গাওয়ার নির্দেশ এসেছে সুপ্রিম কোর্টের তরফ থেকে। এই বছরই টাটা সন্সের চেয়ারম্যানের পদ থেকে বরখাস্ত করা হয়েছে সাইরাস মিস্ত্রিকে। টাটার বিরুদ্ধে সাইরাস দুর্নীতির অভিযোগ এনেছেন। রতন টাটা অবসর জীবন থেকে ফিরে এসে ফের হাল ধরেছেন টাটা সাম্রাজ্যের। ২০১৬ সালেই কেন্দ্রীয় সরকার সপ্তম বেতন কমিশনের সুপারিশ গ্রহণ করায় কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন বেড়েছে বিপুল হারে। এই বছরই সংসদে পাশ হয়েছে জিএসটি বিল। যা এক হিসাবে ঐতিহাসিকও বটে। ২০১৬ সালে মৃত্যু হয়েছে প্রবীণ কংগ্রস নেতা এ বি বর্ধনের। ১৯৯০ সালে কেন্দ্রে জোট রাজনীতি সম্ভব হয়েছিল বর্ধনের জন্যই। দীর্ঘ রোগভোগের পর প্রয়াত হয়েছেন তিনি।

২০১৬ শুরু থেকেই কিছুটা গোলমেলে ঠেকেছিল কী? ২ জানুয়ারি পাঞ্জাবের পাঠানকোটে বায়ুসেনার ঘাঁটিতে ঝড়ের বেগে ঢুকে পড়ে পাক জঙ্গিরা। দিনভর জওয়ানদের সঙ্গে লড়াইয়ের পর ৩ নিরাপত্তাকর্মী ও ৪ অনুপ্রবেশকারীর মৃত্যু হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর লাহোরে হঠাৎ নওয়াজ শরিফের জন্মদিনে হাজির হওয়ার ঠিক পরদিনই এই ঘটনা ঘটায় বিস্মিত হয় দুনিয়া।

৪ জানুয়ারিও ঘটে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। ১৬ বছর বা তার বেশি বয়সিদের বিচার আর জুভেনাইল আদালত নয় বলে

আইন আনা হয়। ধর্ষণ ও হত্যার মতো জঘন্য অপরাধে যারা জড়িত থাকবে তাদের জন্যই এই আইনটি আনা হয়। আইনে সম্মতি দেন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়।

৭ জানুয়ারি জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী মুফতি মহম্মদ সৈয়দের মৃত্যু হয়। উপত্যকায় তিনি প্রথম বিজেপির সঙ্গে জোট গড়ে সরকার করেছিলেন। মুসলিম অধ্যুষিত একটি রাজ্যে এর আগে এ ধরনের জোট প্রায় অবিশ্বাস্য ছিল।

মুফতির মৃত্যুর পর দীর্ঘদিন টালবাহানা চলে মন্ত্রিসভা গড়া নিয়ে। শেষ পর্যন্ত অবশ্য তার কন্যা মেহবুবা মুফতি বিজেপির সঙ্গে জোট গড়ে কাশ্মীরে সরকার তৈরি করেছেন। এই ঘটনাও অবশ্যই উল্লেখ্যের দাবি রাখে।

২০১৬ সালে সকলকে বিস্মিত করে ইরম শর্মিলা চানু তার অনশন ভেঙেছেন। শর্মিলা তার প্রেমিকের কথাতেই বিজেপির মদতে অনশন ভেঙেছেন বলে এই অভিযোগ করেছেন শর্মিলার ভাই। শর্মিলা অবশ্য নিজে এখন একটি হোমে রয়েছেন। তিনি এবার রাজনীতিতে আসতে চান।

রাজনীতি করতে করতে তিনি সমাজ সেবাও করতে চান। ২০১৬ সালের ৫ জানুয়ারি মণিপুরে ভয়ঙ্কর ভূমিকম্পে ৯ জনের প্রাণহানি হয়। আহত হয় ১০০ জন। ক্ষতি হয় বহু ঘর-বাড়ির। আতঙ্ক ছড়িয়ে পড়ে মানুষের মধ্যে।

এই বছরই বিদেশ সচিব পর্যায়ে ভারত ও পাকিস্তানের মধ্যে বৈঠক অসমাপ্ত থাকে। পাঠানকোটে জঙ্গি হানার কারণে ভারত ওই বৈঠকে যোগ দিতে অস্বীকার করে।

এই বছরই পাকিস্তানে ভারতীয় সেনা কম্যান্ডো হানা চালিয়েছে। এই শল্য অভিযানে পাকিস্তানে বহু সেনার মৃত্যু হয়েছে বলে দাবি করেছে ভারত। এই ঘটনা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ।

সবশেষে বলা যায় নোট বাতিলের কথা। এই নোট বাতিল নিয়ে দেশে ব্যাপক হইচই শুরু হয়েছে। বিরোধীরা তৃণমূল বিক্ষোভ দেখাচ্ছেন



নিয়মিত। অন্যদিকে শাসক দল দাবি করেছে, সবই ঠিক হয়ে যাবে ৫০ দিনের মধ্যে। এই নিয়ে অর্থনীতিবিদরাও প্রকাশ্যে সরব হয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে কার্যত হয়নি। সার্বিক বিরোধী জোট গড়ে ওঠেনি।

বছর আসবে, বছর চলে যাবে। কালের নিয়মেই বিদায় নিচ্ছে ২০১৬ সাল। তবে এত ঘটনা বছর বছর আসেনি। এই বছরটিতেই একসঙ্গে একাধিকজন অলিম্পিক পদক নিয়ে এসেছেন। ভারতের কাছে যা অত্যন্ত গৌরবজনক।

'বজরঙ্গী ভাইজান'এর মতো বলিউডের মতো সিনেমা প্রভাব ফেলেছে বাস্তব জীবনেও। এই আদলে বাস্তব জীবনে একটি ঘটনা ঘটে গিয়েছে। গীতা ফিরে পেয়েছে তার বাবা-মাকে। এই বছরটিতে ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি দারুণ সাফল্য পেয়েছেন।

তীব্র অনাস্থা প্রকাশ করেছেন এই ইস্যুতে বিরোধীদের অনেকেই। তবে যা ভাবা গিয়েছিল তা